# বাংলাদেশ মহিলা পরিষদ

লিগ্যাল এইড উপ-পরিষদ, কেন্দ্রীয় কমিটি

## নারী ও কন্যা নির্যাতন বিষয়ক তথ্য (জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪)

| ক্র নং | নির্যাতনের ধরণ | নারী ও কন্যা নির্যাতন | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জানু | ফেব্রু | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই | আগস্ট | সেপ্টে | অক্টো | নভে | ডিসে | মোট |
| ১. | ধর্ষণ | ২৯ | ৩০ | ৩৭ | ২৭ | ৩৯ | ৪৪ | ৪৭ | ১৫ | ১৭ | ৩৫ | ১০ | ১৫ | ৩৪৫ |
| ২. | দলবদ্ধ ধর্ষণ | ১২ | ১১ | ১৫ | ১৫ | ২০ | ১৯ | ১৩ | ৭ | ১১ | ৮ | ২ | ৯ | ১৪২ |
| ৩. | ধর্ষণের পর হত্যা | ১ | ১ | ২ | ৩ | ২ | ৪ | ২ | ২ | ৩ | ১ | - | ২ | ২৩ |
| ৪. | ধর্ষণের কারণে আত্মহত্যা | ২ | - | - | ১ | ১ | - | ২ | - | - | - | - | - | ৬ |
| ৫. | ধর্ষণের চেষ্টা | ১০ | ৫ | ৭ | ৪ | ৭ | ১৭ | ২০ | ২ | ৪ | ৯ | ৫ | ৪ | ৯৪ |
| ৬. | যৌন নিপীড়ন | ৪ | ১৬ | ১২ | ৯ | ২৩ | ৪৮ | ১৮ | ১১ | ১২ | ৯ | ১০ | ৯ | ১৮১ |
| ৭. | উত্ত্যক্তকরণ | ৫ | ৪ | ১০ | ২ | ৬ | ১ | ৪ | - | ৪ | ৪ | - | ৩ | ৪৩ |
| ৮. | উত্ত্যক্তকরণের কারণে আত্মহত্যা | - | - | - | - | ১ | - | - | ১ | - | - | - | - | ২ |
| ৯. | নারী ও কন্যা পাচার | ১ | ৩ | ৪ | ২ | ২ | ৩ | ১ | ১ | - | - | ১ | ২ | ২০ |
| ১০. | এসিডদগ্ধ | ৫ | ২ | - | ১ | - | - | ২ | - | ২ | ১ | ১ | ১ | ১৫ |
| ১১. | এসিডদগ্ধের কারণে মৃত্যু | - | - | - | - | - | - | - | - | ১ | ১ | - | - | ২ |
| ১২. | অগ্নিদগ্ধ | ১ | ২ | ২ | - | ১ | ১ | ২ | ৩ | ১ | ১ | - | ১ | ১৫ |
| ১৩. | অগ্নিদগ্ধের কারণে মৃত্যু | ১ | | ১ | ১ | ১ | - | ১ | | ২ | ২ | ১ | - | ১০ |
| ১৪. | যৌতুকের কারণে নির্যাতন | ২ | ৩ | ৩ | ২ | ৩ | ৬ | ৪ | ৪ | ২ | ২ | ১ | ৩ | ৩৫ |
| ১৫. | যৌতুকের কারণে হত্যা | ২ | ১ | ৩ | ১ | ২ | ৪ | ৯ | ১ | - | ৪ | ২ | ৪ | ৩৩ |
| ১৬. | শারীরিক নির্যাতন | ৮ | ৭ | ২১ | ১৬ | ১১ | ৮ | ৯ | ১৭ | ১৬ | ১০ | ১৪ | ৮ | ১৪৫ |
| ১৭. | পারিবারিক সহিংসতা | | | | - | | | | | | | | | - |
| | ১৭.১ শারীরিক নির্যাতন | - | - | ৫ | ৪ | ৩ | ৫ | ২ | ৩ | ২ | - | - | ১ | ২৫ |
| | ১৭.২ মানসিক নির্যাতন | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| | ১৭.৩ যৌন নির্যাতন | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| | ১৭.৪ আর্থিক ক্ষতি | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ১৮. | গৃহকর্মী নির্যাতন | - | ১ | ১ | ৩ | ১ | - | ১ | - | - | ২ | - | - | ৯ |
| ১৯. | গৃহকর্মী হত্যা | ৩ | ২ | ১ | ১ | - | ২ | - | ১ | ১ | ১ | - | ২ | ১৪ |
| ২০. | গৃহকর্মী আত্মহত্যা | - | - | - | - | - | ১ | - | - | - | - | - | - | ১ |
| ২১. | হত্যা | ৪৯ | ৪৫ | ৩৪ | ৩৩ | ৪৬ | ৪৫ | ৪২ | ৩০ | ৪৯ | ৫০ | ৬৩ | ৪২ | ৫২৮ |
| ২২. | হত্যার চেষ্টা | ৩ | ৩ | - | ১ | ৪ | ৩ | - | ৩ | ১ | ২ | ৩ | ২ | ২৫ |
| ২৩. | রহস্যজনক মৃত্যু | ২৫ | ১৩ | ২১ | ১৫ | ২২ | ২৪ | ২২ | ১২ | ২৭ | ১৮ | ১৮ | ১৯ | ২৩৬ |
| ২৪. | আত্মহত্যা | ২২ | ১৫ | ১৭ | ১৫ | ১৯ | ১৮ | ১৫ | ১১ | ১৪ | ১৩ | ১৬ | ১৬ | ১৯১ |
| ২৫. | আত্মহত্যায় প্ররোচনা | ৪ | ২ | ৩ | - | ১ | ৩ | ৩ | - | - | ১ | ৩ | ৩ | ২৩ |
| ২৬. | আত্মহত্যার চেষ্টা | - | ৫ | - | - | - | ৩ | - | - | - | - | - | - | ৮ |
| ২৭. | পিতৃত্বের দাবি | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২৮. | অপহরণ | ৪ | ৭ | ১২ | ৩ | ৪ | ৯ | ৬ | ৪ | ৩ | ৬ | ৩ | ৭ | ৬৮ |
| ২৯. | অপহরণের চেষ্টা | - | ২১ | ৩ | ১ | ১ | ৪ | ৩ | ২ | ২ | - | ২ | - | ৩৯ |
| ৩০. | ফতোয়া | - | - | ১ | ২ | - | - | - | - | - | - | - | - | ৩ |
| ৩১. | বাল্যবিবাহ | ১ | - | ১ | - | ২ | ৩ | ৩ | ৩ | ১ | ৪ | ১ | ১ | ২০ |
| ৩২. | বাল্যবিবাহের চেষ্টা | ৪ | ৭ | ৩ | ১২ | ৫ | ৪ | ৯ | ১ | - | ২ | - | ১ | ৪৮ |
| ৩৩. | জোরপূর্বক বিয়ে | - | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৩৪. | পুলিশী নির্যাতন | - | - | ২ | - | - | - | - | - | - | - | - | - | ২ |
| ৩৫. | সাইবার ক্রাইম | ৪ | ৪ | - | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ২ | ১ | ২ | ২৯ |
| ৩৬. | অন্যান্য | ৭ | ১২ | ২৪ | ১৪ | ১২ | ১৫ | ১৩ | ১২ | ১০ | ১২ | ৮ | ৬ | ১৪৫ |
| | মোট | ২০৯ | ২২২ | ২৪৫ | ১৯৩ | ২৪৩ | ২৯৭ | ২৫৫ | ১৪৭ | ১৮৬ | ২০০ | ১৬৫ | ১৬৩ | ২৫২৫ |

পত্রিকার নামঃ The Daily Star, New Age, The Daily Observer, দৈনিক ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, বাংলাদেশ প্রতিদিন, কালের কণ্ঠ, দৈনিক কালবেলা, দেশ রূপান্তর, আজকের পত্রিকা, ঢাকা ট্রিবিউন।

বাংলাদেশ মহিলা পরিষদ
BANGLADESH MAHILA PARISHAD
SUFIA KAMAL BHABAN
10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000
Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org
E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com
Reg. No.Dha-0462
NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

## নারী ও কন্যা নির্যাতন বিষয়ক তথ্য (জানুয়ারি-ডিসেম্বর, ২০২৪)

তারিখ: ০১.০১.২০২৫

বরাবর
**বার্তা সম্পাদক**
দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল
সংবাদ প্রকাশার্থে ও সংবাদ প্রচারার্থে।

**বিষয়: বাংলাদেশ মহিলা পরিষদের কেন্দ্রীয় লিগ্যাল এইড উপ-পরিষদে সংরক্ষিত ১৬টি দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদের ভিত্তিতে ১১০৬ জন কন্যা এবং ১৪১৯ জন নারী (মোট-২৫২৫ জন) নির্যাতনের শিকার হওয়ার ঘটনার তথ্য প্রসঙ্গে।**

পত্রিকায় প্রকাশিত সংবাদ অনুসারে **জানুয়ারি-ডিসেম্বর**, ২০২৪ এ এক বছর সময়কালে মোট ২৫২৫ জন নারী ও কন্যা নির্যাতনের শিকার হয়েছে। এরমধ্যে ধর্ষণের শিকার হয়েছে ৩৬৭ জন কন্যাসহ ৫১৬ জন। তার মধ্যে ৮৬ জন কন্যাসহ ১৪২ জন দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে, ১৮ জন কন্যাসহ ২৩ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে, ৫ জন কন্যাসহ ৬ জন ধর্ষণের কারণে আত্মহত্যা করেছে। এছাড়াও ৫৮ জন কন্যাসহ ৯৪ জনকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে।

যৌন নিপীড়নের শিকার হয়েছে ১৮১ জনের এর মধ্যে ১৩৫ জন কন্যা। উত্যক্তকরণের শিকার হয়েছে ৪৫ জন এর মধ্যে ৩৭ জন কন্যা, তার মধ্যে উত্যক্তকরণের কারণে আত্মহত্যা করেছে ২ জন। বিভিন্ন কারণে ৭৭ জন কন্যাসহ ৫২৮ জনকে হত্যা করা হয়েছে। এছাড়াও বিভিন্ন কারণে হত্যার চেষ্টা করা হয়েছে ২৫ জনকে। ৫৭ জন কন্যাসহ ২৩৬ জনের রহস্যজনক মৃত্যু হয়েছে। ৭৬ জন কন্যাসহ ২১৪ জনের আত্মহত্যা করেছে, এর মধ্যে ৬ জন কন্যাসহ ২৩ জন আত্মহত্যার প্ররোচনার শিকার হয়েছে। এছাড়াও আত্মহত্যার চেষ্টা করেছে ৭ জন কন্যাসহ ৮ জন। নারী ও কন্যা পাচারের শিকার হয়েছে ২০ জন, এর মধ্যে ১৩ জন কন্যা। এসিডদগ্ধ হয়েছে ১৭ জন, এর মধ্যে ১ জন কন্যা। তার মধ্যে এসিডদগ্ধের কারণে মৃত্যু হয়েছে ২ জনের। ২৫ জন অগ্নিদগ্ধ হয়েছে, এরমধ্যে ২ জন কন্যা। তার মধ্যে ১ জন কন্যাসহ ১০ জনের অগ্নিদগ্ধের কারণে মৃত্যু হয়েছে। যৌতুকের কারণে নির্যাতনের শিকার হয়েছে ৬৮ জন, এর মধ্যে ৩৩ জনকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে। শারীরিক নির্যাতনের শিকার হয়েছে মোট ১৪৫ জন, এর মধ্যে ২৫ জন কন্যা। পারিবারিক সহিংসতায় শারীরিক নির্যাতনের শিকার হয়েছে ২৫ জন কন্যা। ২৪ জন গৃহকর্মী নির্যাতনের ঘটনা ঘটেছে, এর মধ্যে ৯ জন কন্যাসহ ১৪ জন গৃহকর্মীর হত্যার ঘটনা ঘটেছে এবং ১ জন গৃহকর্মীর আত্মহত্যার ঘটনা ঘটেছে। ৫৭ জন কন্যাসহ ৬৮ জন অপহরণের ঘটনার শিকার হয়েছে। এছাড়াও ৩৭ জন কন্যাসহ ৩৯ জন অপহরণের চেষ্টার শিকার হয়েছে। পুলিশী নির্যাতনের হয়েছে ১ জন কন্যাসহ ২ জন। ১৯ জন কন্যাসহ ২৯ জন সাইবার অপরাধের শিকার হয়েছে। বাল্যবিবাহের ঘটনা ঘটেছে ২০ টি। বাল্যবিবাহের চেষ্টা করা হয়েছে ৪৮ টি। এছাড়া ৪৬ জন কন্যাসহ ১৪৫ জন বিভিন্নভাবে নির্যাতনের শিকার হয়েছে।

বার্তা প্রেরক-

**মালেকা বানু**
সাধারণ সম্পাদক
বাংলাদেশ মহিলা পরিষদ

**সংযুক্তি:** ১৬ টি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশিত ঘটনার পেপার ক্লিপিং এর সংরক্ষিত তথ্যের ভিত্তিতে জানুয়ারি-ডিসেম্বর ২০২৪ এর নারী ও কন্যা নির্যাতনের সংখ্যা।

**পত্রিকার নাম:** The Daily Star, New Age, The Daily Observer, দৈনিক ইত্তেফাক, সংবাদ, প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, ভোরের কাগজ, যুগান্তর, সমকাল, বাংলাদেশ প্রতিদিন, কালের কণ্ঠ, দৈনিক কালবেলা, দেশ রূপান্তর, আজকের পত্রিকা, ঢাকা ট্রিবিউন।